তিনি বলেন, 'আগে বর্ষা মৌসুমে আমাদের নদীপথের দৈর্ঘ্য ২৪ হাজার বর্গমাইল হলেও বর্তমানে তা ৬ হাজার বর্গমাইলে নেমেছে। শুষ্ক মৌসুমে এটি ৩ হাজার ৬০০ বর্গমাইলে গিয়ে পৌঁছায়। সরকার দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিংয়ের মাধ্যমে ব্যবহার উপযোগী করার কার্যক্রম নিলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। দেশে একটি টেকসই নদী খনন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রিম কর কমানো এবং এ ধরনের উন্নয়ন কার্যক্রমকে সরকারের ফাস্ট-ট্র্যাকের আওতায় এনে প্রতিনিয়ত পর্যবেক্ষণ করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে এফবিসিসিআইর সাবেক সভাপতি মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) বলেন, এ কাজে পরিবেশ সুরক্ষার বিষয়টি গুরুত্বপূর্ণ। ড্রেজিংয়ে সম্পৃক্ত সরকারের সব সংস্থার মধ্যকার সমন্বয় বাড়ানো আবশ্যক। ড্রেজিং মেশিনারিজ আমদানিতে সম্প্রতি সরকার বিভিন্ন শুল্ক আরোপ করে বেসরকারি খাতকে নিরুৎসাহিত করেছে। এগুলো কমাতে সংশ্লিষ্ট সংস্থাগুলোর ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে। সেই সঙ্গে ড্রেজিং কাজের জন্য দরপত্র আহ্বানে ডিপিএম ব্যবস্থা ব্যবহারে জোর দিতে হবে।

পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার বলেন, সারা দেশে নদীখনন কার্যক্রম পরিচালনায় ৫০০ ড্রেজার প্রয়োজন হলেও রয়েছে রয়েছে ১৫৬টি। এমন বাস্তবতায় সরকারের পাশাপাশি দেশের বেসরকারি খাতকেও বিনিয়োগে এগিয়ে আসতে হবে। সারা দেশে ছোট-বড় মিলিয়ে অসংখ্য নদী রয়েছে। গ্রামীণ এলাকার নদীপথ, পুকুর ও হাওর-বাঁওড় উন্নয়নে ইতিমধ্যে নানা প্রকল্প নিয়েছে সরকার। ক্যাপিটাল ড্রেজিং কার্যক্রমে আরও বেশি সম্পৃক্ত হওয়ার জন্য বেসরকারি খাতের উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক, পিএসএ ইন্টারন্যাশনালের সহসভাপতি রবার্ট হেনেসি, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম এ জাব্বার ও ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের নির্বাহী পরিচালক আবু সালেহ খান অংশ নেন।

The Daily Share Biz

শেয়ার বিজ

০১ আগস্ট, ২০২১

### ঢাকা চেম্বারের ওয়েবিনারে বক্তারা

# টেকসই নদী খনন ও ব্যবস্থাপনা উন্নয়নের অন্যতম চালিকাশক্তি

**নিজস্ব প্রতিবেদক**

অর্থনীতিতে নদীপথের অবদান বাড়ানোর লক্ষ্যে নদীপথের অভিগম্যতা বৃদ্ধি ও টেকসই নদী খনন কার্যক্রম সম্প্রসারণ, জাতীয় বাজেটে এ খাতে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রীম কর হ্রাসকরণ, নদী খনন ও ব্যবস্থাপনা-সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমকে সরকারের ফাস্টট্রাকের আওতায় অর্ন্তভুক্তীকরণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন এবং দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে আর্থিক প্রণোদনা ও নীতি সহায়তা বাড়ানোর আহ্বান জানাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

ডিসিসিআই গতকাল 'টেকসই নদী খনন: চ্যালেঞ্জ ও প্রতিকার' শীর্ষক ওয়েবিনারের আয়োজন করে। এতে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহ্মুদ চৌধুরী প্রধান অতিথি হিসেবে যোগ দেন। জাতীয় সংসদের সদস্য ও এফবিসিসিআই'র প্রাক্তন সভাপতি মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার ওয়েবিনারে বিশেষ অতিথি ছিলেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, নদীপথে সাশ্রয়ীমূল্যে পণ্য পরিবহনের সুবিধা থাকায় প্রাচীনকাল থেকেই বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় নদীপথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তবে ক্রমাগত পলি জমে নদীগুলোর গভীরতা হ্রাস পাওয়াসহ বেশকিছু কারণে নদীপথ সংকীর্ণ হওয়ায় আমাদের অর্থনীতি সে সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এমন বাস্তবতায় দেশের আর্থসামাজিক উন্নয়নকে বেগবান করতে নদী পথে অভিগম্যতা বাড়তে টেকসই নদী খনন ও ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ।

তিনি জানান, অতীতে বর্ষা মৌসুমে আমাদের নদীপথের দৈর্ঘ্য ২৪ হাজার মাইল হলেও, বর্তমানে তা ৬ হাজার মাইলে নেমে এসেছে এবং শুকনো মৌসুমে এটি ৩ হাজার ৬০০ মাইলে গিয়ে পৌছায়। তিনি বলেন, সরকার দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিংয়ের মাধ্যমে ব্যবহারোপযোগী করার কার্যক্রম গ্রহণ করলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি।

খালিদ মাহ্মুদ চৌধুরী বলেন, সারাদেশে নদীরগুলোর নাব্য ফিরিয়ে আনতে সরকার নিরলসভাবে কাজ করছে এবং এ লক্ষ্যে নদী ব্যবস্থাপনার প্রতি বেশি গুরুত্বারোপের পাশাপাশি বর্তমান সরকার আরও ৩৫টি ড্রেজার সংগ্রহে কাজ করছে। মন্ত্রী বলেন, বিগত ১২ বছর ধরে সরকার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে যোগাযোগ স্থাপনে কাজ করে যাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, সামনের দিনগুলোয় এর ইতিবাচক প্রভাব পরীলক্ষিত হবে। তিনি বলেন, সারাদেশে নদী খননে ড্রেজার ব্যবহার দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র আহ্বান প্রক্রিয়ায় অনেকাংশে স্বচ্ছতা আনয়ন করা হয়েছে।

তিনি উল্লেখ করেন, ইতোমধ্যে মংলা বন্দরের সক্ষমতা চট্টগ্রাম বন্দরের ন্যায় উন্নীত করা হয়েছে। তিনি আরও বলেন, করোনা মহামারি সময়কালে বেসরকারি খাতে সহায়তার লক্ষ্যে বেশকিছু প্রণোদনা ঘোষণা করা হয়েছে এবং দেশের অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। মন্ত্রী আশা প্রকাশ করে বলেন, বিদ্যুৎ খাতের সাফল্যকে উদাহরণ হিসেবে বিবেচনায় নিয়ে, দেশের নদ-নদী খনন ও ব্যবস্থাপনা উন্নয়নে সরকার যুগোপযোগী ও কার্যকর উদ্যোগ গ্রহণ করছে।

বিশেষ অতিথির বক্তব্যে মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) বলেন, এ কাজে পরিবেশ সুরক্ষার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং ড্রেজিং সঙ্গে সম্পৃক্ত সরকারের সব সংস্থার মধ্যকার সমন্বয় বাড়ানো একান্ত আবশ্যক। তিনি বলেন, ড্রেজিং মেশিনারিজ আমদানিতে সম্প্রতি সরকার প্রবর্তিত বিভিন্ন শুল্ক আরোপ বেসরকারি খাতকে নিরুৎসাহিত করেছে। তিনি আশা প্রকাশ ব্যক্ত করেন যে, এগুলো হ্রাসকরণের বিষয়টি সংশ্লিষ্ট সংস্থাগুলো ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসবে, সেই সঙ্গে ড্রেজিং কাজের জন্য দরপত্র আহ্বানে ডিপিএম ব্যবস্থা ব্যবহারের ওপর তিনি জোরারোপ করেন। এছাড়া তিনি দেশীয় ও বিদেশি উদ্যোক্তাদের জন্য সমান সুযোগ তৈরির আহ্বান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে কবির বিন আনোয়ার বলেন, যথাযথ নদী খনন কার্যক্রম বাস্তবায়নে মানবসম্পদ ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং সমন্বিত নীতিমালা আবশ্যক এবং এ লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। তিনি বলেন, সারাদেশে নদী খনন কার্যক্রম পরিচালনার জন্য আমাদের ৫০০টি ড্রেজারের প্রয়োজন হলেও সর্বমোট রয়েছে ১৫৬টি। এমন বাস্তবতায় সরকারের পাশাপাশি দেশের বেসরকারি খাতকে এ খাতে বিনিয়োগে এগিয়ে আসতে হবে। তিনি জানান, সারাদেশে ছোট-বড় মিলিয়ে অসংখ্য নদী রয়েছে এবং গ্রামীণ এলাকার নদীপথ, পুকুর ও হাওর-বাঁওড় উন্নয়নে সরকার ইতোমধ্যে নানামুখী প্রকল্প গ্রহণের উদ্যোগ নিয়েছে। তিনি আরও বলেন, বর্ষা মৌসুম ও বৃষ্টির পানি সংরক্ষণের লক্ষ্যে সারাদেশে ৬৯টি বড় পুকুর পুনঃখননে কাজ করা হচ্ছে।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত। তিনি জানান,ড্রেজিং প্রধানত মেইটেন্যান্স ও ক্যাপিটাল দুই ধরনের হয়ে থাকে এবং এ ক্ষেত্রে নদীর চ্যানেল ব্যবস্থাপনা ও গভীরতা বৃদ্ধি, বন্দর উন্নয়ন, ভূমি ব্যবস্থাপনা ও ব্যবহার প্রভৃতি বিষয়সমূহ অতীব জরুরি। তিনি জানান, টেকসই ড্রেজিংয়ের ক্ষেত্রে সবসময়ই অর্থনীতি, সমাজ ও পরিবেশকে প্রধান্য দেয়া হয় এবং এ বিষয়ে আমাদের আরও সচেতন হতে হবে। তিনি আরও বলেন, ড্রেজিংয়ের ক্ষেত্রে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভব হলে আমাদের অর্থনীতি আরও উপকৃত হবে। বাংলাদেশের নদী ও খালগুলোর ড্রেজিংয়ের জন্য একটি মাস্টারপ্ল্যান প্রণয়ন এবং এ জন্য বেসরকারি খাতকে সম্পৃক্ত করা আবশ্যক বলে তিনি মত প্রকাশ করেন। তিনি আরও বলেন, ড্রেজিং কার্যক্রম সফল করার লক্ষ্যে দক্ষ মানব-সম্পদ, আধুনিক যন্ত্রপাতি ও সফটওয়্যার ব্যবহার এবং ট্রেজিংয়ের কারণে পরিবেশে কী ধরনের প্রভাব পড়বে, তা নিরূপণ করার বিষয়ে আমাদের আরও মনোযোগী হতে হবে।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক, ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেডের সহ-সভাপতি রবার্ট হেনেসি, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এমএ জাব্বার এবং ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের নির্বাহী পরিচালক আবু সালেহ খান অংশ নেন।

পিএসএ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেডের সহ-সভাপতি রবার্ট হেনেসি বলেন, দেশের বন্দরগুলোর সঙ্গে অন্যান্য স্থানের নদীপথের সংযোগ স্থাপন করা সম্ভব হলে স্বল্পমূল্যে পণ্য পরিবহন নিশ্চিত করা যায়, যা কিনা অর্থনীতির জন্য খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া নদী ড্রেজিংয়ের সময় টেকসই ব্যবস্থপনা নিশ্চিত করা এবং যথাযথ পরিকল্পনা একান্ত আবশ্যক বলে তিনি মত প্রকাশ করেন। হেনেসি বলেন, বাংলাদেশ নদীমাতৃক দেশ হলেও এখন পর্যন্ত এ থেকে শতভাগ সুবিধা আদায় করতে পারেনি।

ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের নির্বাহী পরিচালক আবু সালেহ খান বলেন, নদী ও খাল খননের সময় দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার প্রভৃতি খুবই জরুরি।

ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এমএ জাব্বার বলেন, এ খাতের কাঙ্ক্ষিত উন্নয়নের জন্য মানবসম্পদের দক্ষতা বৃদ্ধি, নতুন প্রযুক্তির ব্যবহার, দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ ও প্রকল্পের যথাযথ বাস্তবায়ন এবং বেসরকারি খাতের সম্পৃক্ততা বাড়ানো একান্ত অপরিহার্য।

বিআইডব্লিউটিএর চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক বলেন, সংস্থাটি মানবসম্পদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি সারাদেশে প্রায় ১০ হাজার কিলোমিটার নদীপথের উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এবং এ খাতের উন্নয়নে জিডিপির দেড় শতাংশ বরাদ্দ দেয়ার আহ্বান জানান, বর্তমানে যা দশমিক চার শতাংশ।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক খায়রুল মজিদ মাহমুদ এবং স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক মো. নূরুল আকতার অংশ নেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এনকেএ মবিন ধন্যবাদ জ্ঞাপন করেন।

সময়ের আলো

০১ আগস্ট, ২০২১

# নদীখনন কার্যক্রমে বরাদ্দ বৃদ্ধির দাবি

● নিজস্ব প্রতিবেদক

দেশের প্রবাহহীন নদীগুলোর প্রায় ১৩ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিং করা হলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। তাই নদী ও খালগুলোর ড্রেজিংয়ের জন্য মাস্টারপ্ল্যান তৈরি এবং বেসরকারি খাতকে সম্পৃক্ত করা প্রয়োজন।

শনিবার ডিসিসিআইয়ের উদ্যোগে 'টেকসই নদী খনন : চ্যালেঞ্জ ও প্রতিকার' শীর্ষক ওয়েবিনারে বিশেষজ্ঞদের বক্তব্যে এসব কথা উঠে আসে। ওয়েবিনারে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন। এ ছাড়া জাতীয় সংসদের সদস্য ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। ওয়েবিনারে অর্থনীতিতে নদীগুলোর অবদান বাড়ানোর লক্ষ্যে নদীগুলোর অভিগম্যতা বৃদ্ধি ও টেকসই নদী খনন কার্যক্রম সম্প্রসারণ, জাতীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রিম কর হ্রাসকরণ, নদী খনন ও ব্যবস্থাপনা পদ্ধতি উন্নয়ন কার্যক্রম বাড়ানোর আহ্বান জানায় ডিসিসিআই। নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, সারা দেশে নদীগুলোর নাব্য ফিরিয়ে আনতে সরকার নিরলসভাবে কাজ করছে এবং এ লক্ষ্যে নদী ব্যবস্থাপনার প্রতি বেশি জোর দেওয়া হচ্ছে। পাশাপাশি বর্তমান সরকার আরও ৩৫টি ড্রেজার সংগ্রহে কাজ করছে।

আজকালের খবর
০১ আগস্ট, ২০২১

# দেশকে এগিয়ে নিতে শেখ হাসিনা ডেল্টা প্লান ঘোষণা করেছেন

—— নৌপ্রতিমন্ত্রী

● নিজস্ব প্রতিবেদক

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, নদীমাতৃক বাংলাদেশকে রক্ষা করে এগিয়ে নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০০ বছরের ডেল্টা প্লান ঘোষণা করেছেন। নৌপথগুলো খননের মাধ্যমে নদীগুলোকে রক্ষা করা হবে। দেশ পরিচালনায় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুসরণ করে সফলকাম হবো। গতকাল শনিবার রাজধানীর মিন্টো রোডে সরকারি বাসভবন থেকে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'সাস্টেইনএবল রিভার ড্রেজিং: চ্যালেঞ্জেস অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক ওয়েবিনারে (জুম সভা) প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

নৌপ্রতিমন্ত্রী বলেন, নদী ও সমুদ্র বেষ্টিত বাংলাদেশকে রক্ষা করতে কাজ করছি। এখানে সীমাবদ্ধতা আছে, চ্যালেঞ্জ আছে। সব চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যাব। নদীর নাব্য ফিরিয়ে আনার লক্ষ্যে বঙ্গবন্ধু সাতটি ড্রেজার সংগ্রহ করেছিলেন। কিন্তু ৭৫'-এর ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর সে ধরনের কার্যক্রম চোখে পড়েনি।

প্রতিমন্ত্রী বলেন, ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথমে দুটি, এরপর ১০টি এবং ২০টি ড্রেজার সংগ্রহ করেন। আরো ৩৫টি ড্রেজার সংগ্রহের কাজ চলমান রয়েছে। সরকার ১০ হাজার কিলোমিটার নৌপথ খননের লক্ষ্যে কাজ করছে। ইতোমধ্যে আড়াই হাজার কিলোমিটার নৌপথ খনন করা হয়েছে।

ডিসিসিআইয়ের সভাপতি রিজওয়ান রহমানের সঞ্চালনায় ওয়েবিনারে অন্যদের মধ্যে অংশ নেন- সংসদ সদস্য শফিউল ইসলাম মহিউদ্দিন, পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার, বিআইডব্লিউটিএর চেয়ারম্যান গোলাম সাদেক, ডিসিসিআইয়ের সিনিয়র সহসভাপতি এন কে এ মোবিন, ইঞ্জিনিয়ার মো. নুরুল আক্তার, খায়রুল মজিদ মনিরুল। ওয়েবিনারে প্রখ্যাত পানি বিশেষজ্ঞ ড. আইনুন নিশাত মূলপ্রবন্ধ উপস্থাপন করেন।

The Daily Alokito Bangladesh
আলোকিত বাংলাদেশ
০১ আগস্ট, ২০২১




ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত গতকাল 'সাস্টেইনএবল রিভার ড্রেজিং : চ্যালেঞ্জেস অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে সংযুক্ত হন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী

# নদী ও সমুদ্রবেষ্টিত বাংলাদেশকে রক্ষা করতে কাজ করছি

## –নৌপরিবহন প্রতিমন্ত্রী

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, নদীমাতৃক বাংলাদেশকে রক্ষা করে এগিয়ে নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০০ বছরের ডেল্টা প্লান ঘোষণা করেছেন। নৌপথগুলো খননের মাধ্যমে নদীগুলোকে রক্ষা করা হবে। দেশ পরিচালনায় প্রধানমন্ত্রীর কমিটমেন্ট অনুসরণ করে সফলকাম হব। নদী ও সমুদ্রবেষ্টিত বাংলাদেশকে রক্ষা করতে কাজ করছি। এখানে সীমাবদ্ধতা আছে, চ্যালেঞ্জ আছে। সব চ্যালেঞ্জ ওভারকাম করে এগিয়ে যাব।

প্রতিমন্ত্রী গতকাল শনিবার ঢাকায় সরকারি বাসভবন থেকে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'সাস্টেইনএবল রিভার ড্রেজিং : চ্যালেঞ্জেস অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক ওয়েবিনারে (জুম সভা) প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

ডিসিসিআইর সভাপতি রিজওয়ান রহমানের সঞ্চালনায় ওয়েবিনারে অন্যদের মধ্যে অংশ নেন সংসদ সদস্য শফিউল ইসলাম মহিউদ্দিন, পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার, বিআইডব্লিউটিএর চেয়ারম্যান গোলাম সাদেক, ডিসিসিআইর সিনিয়র সহ-সভাপতি এনকে এ মোবিন, ইঞ্জিনিয়ার মো. নুরুল আক্তার, খায়রুল মজিদ মনিরুল। প্রখ্যাত পানি বিশেষজ্ঞ ড. আইনুন নিশাত মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

প্রতিমন্ত্রী বলেন, নদীর নাব্য ফিরিয়ে আনার লক্ষ্যে বঙ্গবন্ধু সাতটি ড্রেজার সংগ্রহ করেছিলেন। কিন্তু '৭৫-এর ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর সে ধরনের কার্যক্রম চোখে পড়েনি। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথমে দুটি, এরপর ১০টি এবং ২০টি ড্রেজার সংগ্রহ করেছেন। আরও ৩৫টি ড্রেজার সংগ্রহের কাজ চলমান রয়েছে। তিনি বলেন, সরকার ১০ হাজার কিলোমিটার নৌপথ খননের লক্ষ্যে কাজ করছে; এরই মধ্যে ২ হাজার ৫০০ কিলোমিটার নৌপথ খনন করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি

আমাদের অর্থনীতি
০১ আগস্ট, ২০২১

# টেকসই নদীখনন ব্যবস্থাপনা আর্থসামাজিক উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ

## ডিসিসিআই সভাপতি

[illegible]

> বর্ষা মৌসুমে নদীপথের দৈর্ঘ্য ২৪ হাজার বর্গমাইল হতে ৬ হাজারে নেমে এসেছে, শুকনো মৌসুমে যা ৩ হাজার ৬০০ বর্গমাইলে এসে দাঁড়িয়েছে

[illegible]

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
০১ আগস্ট, ২০২১

# ১০ হাজার কিমি ক্যাপিটাল ড্রেজিংয়ের সুফল মেলেনি

## ওয়েবিনারে বিশিষ্টজনেরা

**নিজস্ব প্রতিবেদক** ●
দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিং করা হলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। নদী ও খালগুলোর ড্রেজিংয়ের জন্য মাস্টার প্ল্যান তৈরি এবং বেসরকারি খাতকে সম্পৃক্ত করা প্রয়োজন। গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে আয়োজিত এক ওয়েবিনারে এসব কথা বলেন বিশিষ্টজনেরা।

'টেকসই নদী খনন : চ্যালেঞ্জ ও প্রতিকার' শীর্ষক ওই ওয়েবিনারে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন। এ ছাড়া জাতীয় সংসদের সদস্য ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

ওয়েবিনারে অর্থনীতিতে নদীপথের অবদান বাড়ানোর লক্ষ্যে নদীপথের অভিগম্যতা বৃদ্ধি ও টেকসই নদী খনন কার্যক্রম সম্প্রসারণ, জাতীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রিম কর হ্রাসকরণ, নদী খনন ও ব্যবস্থাপনাসংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রম বাড়ানোর আহ্বান জানায় ডিসিসিআই।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, সারাদেশে নদীগুলোর নাব্য ফিরিয়ে আনতে সরকার নিরলসভাবে কাজ করছে এবং এ লক্ষ্যে নদী ব্যবস্থাপনার প্রতি বেশি জোর দেওয়া হচ্ছে। পাশাপাশি বর্তমান সরকার আরও ৩৫টি ড্রেজার সংগ্রহে কাজ করছে।

প্রতিমন্ত্রী বলেন, ১২ বছর ধরে সরকার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে যোগাযোগ স্থাপনে কাজ করে যাচ্ছে এবং আশা প্রকাশ করে, সামনের দিনগুলোয় এর ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হবে। সারাদেশে নদী খননে ড্রেজার ব্যবহার দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র আহ্বান প্রক্রিয়ায় অনেকাংশে স্বচ্ছতা আনা হয়েছে। ইতোমধ্যে মোংলা বন্দরের সক্ষমতা চট্টগ্রাম বন্দরের মতো উন্নীত করা হয়েছে।

ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, নদীপথে সাশ্রয়ী মূল্যে পণ্য ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৩

**(তৃতীয় পৃষ্ঠার পর)** পরিবহনের সুবিধা থাকায় প্রাচীনকাল থেকেই বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় নদীপথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তবে ক্রমাগত পলি জমে নদীগুলোর গভীরতা হ্রাস পাওয়াসহ বেশ কিছু কারণে নদীপথ সংকীর্ণ হওয়ার কারণে আমাদের অর্থনীতি সে সুবিধা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

তিনি আরও বলেন, অতীতে বর্ষা মৌসুমে আমাদের নদীপথের দৈর্ঘ্য ২৪ হাজার বর্গমাইল হলেও বর্তমানে তা ছয় হাজার বর্গমাইলে নেমে এসেছে। শুষ্ক মৌসুমে এটি ৩ হাজার ৬০০ বর্গমাইলে গিয়ে পৌছায়। সরকার দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিংয়ের মাধ্যমে ব্যবহার উপযোগী করার কার্যক্রম গ্রহণ করলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। দেশে একটি টেকসই নদী খনন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রিম কর হ্রাসকরণ এবং এ ধরনের উন্নয়ন কার্যক্রমকে সরকারের ফাস্ট-ট্র্যাকের আওতায় নিয়ে এসে প্রতিনিয়ত পর্যবেক্ষণ করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) বলেন, এ কাজে পরিবেশ সুরক্ষার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং ড্রেজিংয়ের সঙ্গে সম্পৃক্ত সরকারের সব সংস্থার মধ্যকার সমন্বয় বাড়ানো একান্ত আবশ্যক। ড্রেজিং মেশিনারিজ আমদানিতে সম্প্রতি সরকার বিভিন্ন শুল্ক আরোপ করে বেসরকারি খাতকে নিরুৎসাহিত করেছে। এগুলো হ্রাসকরণের বিষয়টি সংশ্লিষ্ট সংস্থাগুলো ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসবে, সেই সঙ্গে ড্রেজিংকাজের জন্য দরপত্র আহ্বানে ডিপিএম ব্যবস্থা ব্যবহারের ওপর জোর দিতে হবে।

সিনিয়র সচিব কবির বিন আনোয়ার বলেন, সারাদেশে নদী খনন কার্যক্রম পরিচালনার জন্য আমাদের ৫০০টি ড্রেজারের প্রয়োজন হলেও সর্বমোট রয়েছে ১৫৬টি, এমন বাস্তবতায় সরকারের পাশাপাশি দেশের বেসরকারি খাতকেও বিনিয়োগে এগিয়ে আসতে হবে। সারাদেশে ছোট-বড় মিলিয়ে অসংখ্য নদী রয়েছে এবং গ্রামীণ এলাকার নদীপথ, পুকুর ও হাওর-বাঁওড় উন্নয়নে সরকার ইতোমধ্যে নানামুখী প্রকল্প গ্রহণ করেছে। ক্যাপিটাল ড্রেজিং কার্যক্রমে আরও বেশি সম্পৃক্ত হওয়ার জন্য বেসরকারি খাতের উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক, পিএসএ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেডের সহসভাপতি রবার্ট হেনেসি, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এমএ জাব্বার ও ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের নির্বাহী পরিচালক আবু সালেহ খান অংশগ্রহণ করেন।

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
জাতীয় বার্তা সংস্থা
31 July 2021

# অর্থনৈতিক উন্নয়নে টেকসই নদী খনন জরুরি : বক্তারা




ঢাকা, ৩১ জুলাই, ২০২১ (বাসস) : অর্থনীতিতে নদীপথের অবদান বাড়ানোর লক্ষ্যে নদীপথের অভিগম্যতা বৃদ্ধি ও টেকসই নদী খনন কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নেয়া জরুরি। এজন্য জাতীয় বাজেটে এখাতে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে বিভিন্ন ধরনের কর হ্রাস, নদী খনন ও ব্যবস্থাপনা সরকারের ফাষ্ট-ট্রাক উন্নয়ন প্রকল্পের আওতায় আনার পাশাপাশি মানবসম্পদের সক্ষমতা বাড়াতে হবে।

শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'টেকসই নদী খনন : চ্যালেঞ্জ ও প্রতিকার' বিষয়ক ওয়েবিনারে আলোচকরা এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহ্মুদ চৌধুরী। এতে এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি ও জাতীয় সংসদ সদস্য মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন), পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার, ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক, পিএসএ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেডের সহসভাপতি রবার্ট হেনেসি, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম এ জাব্বার এবং ইন্সটিটিউট অফ ওয়াটার মডেলিংয়ের নির্বাহী পরিচালক আবু সালেহ খান বক্তব্য রাখেন।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ^বিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহ্মুদ চৌধুরী বলেন, সারাদেশে নদীরগুলোর নাব্যতা ফিরিয়ে আনার ব্যাপারে সরকার অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। এর জন্য নদী ব্যবস্থাপনার প্রতি অধিক গুরুত্বারোপের পাশাপাশি আরও ৩৫টি ড্রেজার সংগ্রহ করা হচ্ছে।

তিনি বলেন, নদী খননে ড্রেজার ব্যবহার দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র আহ্বান প্রক্রিয়ায় স্বচ্ছতা আনা হয়েছে। ইতোমধ্যে মংলা বন্দরের সক্ষমতা চট্টগ্রাম বন্দরের ন্যায় উন্নীত করা হয়েছে। তিনি দেশের অবকাঠামো উন্নয়নে বেসরকারিখাতকে এগিয়ে আসার আহ্বান জানান।

সিনিয়র সচিব কবির বিন আনোয়ার বলেন, যথাযথ নদী খনন কার্যক্রম বাস্তবায়নে মানব সম্পদ ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং সমন্বিত নীতিমালা আবশ্যক । এলক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। তিনি বলেন, সারাদেশে নদী খনন কার্যক্রম পরিচালনার জন্য আমাদের ৫০০টি ড্রেজারের প্রয়োজন হলেও সর্বমোট রয়েছে ১৫৬টি, এমন বাস্তবতায় সরকারের পাশাপাাশ দেশের বেসরকারিখাতকে এখাতে বিনিয়োগে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, নদীপথে সাশ্রয়ীমূল্যে পণ্য পরিবহনের সুবিধা থাকায় সুপ্রাচীন কাল থেকেই বাংলাদেশের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনায় নদীপথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে, তবে ক্রমাগত পলি জমে নদীগুলোর গভীরতা হ্রাসের কারণে নদীপথ সংকীর্ণ হওয়ায় অর্থনীতি সে সুবিধা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। এমন বাস্তবতায় নদী পথের অভিগম্যতা বাড়তে টেকসই নদী খনন ও ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ বলে তিনি মত দেন।

অধ্যাপক ড. আইনুন নিশাত তার মূল প্রবন্ধে বলেন, ড্রেজিংয়ের ক্ষেত্রে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভব হলে, অর্থনীতি আরও উপকৃত হবে। তিনি মনে করেন বাংলাদেশের নদী ও খালসমূহের ড্রেজিংয়ের জন্য একটি মাষ্টার প্ল্যান প্রণয়ন এবং এজন্য বেসরকারিখাতকে সম্পৃক্ত করা আবশ্যক।

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
জাতীয় বার্তা সংস্থা
31 July 2021

## Experts for sustainable river dredging, management for economic advancement



DHAKA, July 31, 2021 (BSS) - Experts at a webinar today identified green transportation or waterways, river training, capacity building, sustainable dredging in terms of social, economic and environmental perspective as some of the key issues towards sustainable waterways management and thus ensuring economic advancement in the country.

They also highlighted lack of master plan, reduction of tax and VAT, adequate budget for river management, and having proper river training institute for materializing the vision of sustainable waterways.

The speakers discussed these at a Webinar on "Sustainable River Dredging: Challenges and Way forward" organized by Dhaka Chamber of Commerce & Industry (DCCI) today.

Khalid Mahmud Chowdhury, MP, State Minister for Shipping joined the webinar as the chief guest while Md. Shafiul Islam (Mohiuddin), MP, Former President, FBCCI and Kabir Bin Anwar, Senior Secretary, Ministry of Water Resources joined it as special guests. DCCI President Rizwan Rahman chaired and moderated the webinar, said a DCCI press release.

Khalid Mahmud Chowdhury said the government has been putting due emphasis on river management according to the delta plan.

"We have been successful to bring transparency in this sector, especially in the tendering process. We have a plan to make 10,000 km inland river ways navigable," he said.

He said the current capacity of Mongla Port has been increased manifold and it has eased the pressure on Chittagong port.

"We have limitations and challenges, but we must have to manage our rivers through efficient dredging as these are our natural assets," he said.

The State Minister said the government is relentlessly working on sustainable river dredging both in the form of capital dredging and maintenance dredging and 35 more dredgers will be procured soon.

As per the delta plan, he said the government is firmly committed to develop the riverine system in the country.

To materialize the plan, Khalid invited private sector to come forward with more investments even in the PPP format.

Md. Shafiul Islam (Mohiuddin), MP, Former President, FBCCI called for creating better coordination among the stakeholders like BIWTA, water development board, Ministry and private sector.

Noting that unplanned dredging may kill the rivers, Shafiul suggested to utilize green transportation as it is cheaper, faster and safer.

Shafiul also requested to reduce Tax and VAT on dredging machineries & equipments and urged upon to remove inconsistencies in the policy to create private sector confidence.

Considering to be in line with the delta plan, he also stressed on disciplined tendering method.

Regarding imposed Tax and VAT, he requested NBR and Ministry of Finance to reconsider reduction of VAT and tax issues in this sector.

Kabir Bin Anwar, Senior Secretary, Ministry of Water Resources said, "We need a holistic approach for a sustainable maritime system. Presently we need 500 dredgers, but we have 150-156 dredgers in hand,"

"For capacity building still we are far behind. Maintenance dredging and capital dredging are in progress, but it should be expedited in an efficient and skilled manner." He added.

Kabir said the government has taken various projects to excavate rivers, Haors, Baors and Bils in the country for better navigability while the government is planning to establish a hydrological training and research institute.

He also invited private sector to come forward for capital dredging underscoring importance on closer cooperation between BIWTA and Water Development Board.

Ainun Nishat, Ph.D., Professor Emeritus, BRAC University presented the keynote paper.

He said there are two types of dredging like maintenance dredging and capital dredging and a Master Plan needs to b prepared for river and khal dredging in Bangladesh.

Nishat also said that dredging should be done in a sustainable manner so that economy can be benefited as rivers not only carry water but these also carry life.

"For an efficient river management, special emphasis must be put on maintenance dredging. Private sector can play a major role in dredging operation," he added.

He also underscored importance of investments on dredging and de-siltation works while current practice of dredging operations, both capital and maintenance, needs to be evaluated, urgently.

To create skilled manpower, Nishat urged for establishing river training institute as Private dredging operators must be trained on sustainability issues.

"PPP can be a useful model for River dredging, sand extraction, land recovery, land accretion and land reclamation. Rules and guidelines for sand dredging from river beds should be updated and followed strictly." He added.

DCCI President Rizwan Rahman in his opening remarks said Bangladesh is a riverine country and waterways play a diverse role in the economy of Bangladesh.

"It is high time to improve the waterways for the sake of both industrial and socioeconomic development of the country as Bangladesh is poised to become a developing country by 2026," he said.

Rizwan said the 24,000 km waterways come down to 6,000 km in monsoon and 3,600 km during lean period due to dynamic characteristics of the rivers and its effect falls into the economic and ecological state of the country.

The DCCI President said to ensure sustainable development of waterway, the national budget has to rationalize Import duty, Vat and AIT to reduce total tax incidence to import heavy dredging machinery and bring river dredging programme into Fast-track development projects with larger waterway infrastructure budget.

"Private and foreign investment need to be encouraged with more fiscal and policy incentives for bringing state of the art technology here." he added.

Abu Saleh Khan, Executive Director, Institute of Water Modelling (IWM), M A Jabbar, Managing Director, DBL Group, Robert Hennessy, Vice President, Goup Civil Engineering, PSA International Pte Ltd., Commodore Golam Sadeque also spoke.

DCCI Senior Vice President N K A Mobin gave the vote of thanks. DCCI Director Khairul Majid Mahmud, Managing Director of Energypac Ltd. and DCCI's Convenor Nurul Akter also spoke on the occasion.

DHAKA POST
সত্যের সাথে সন্ধি



# ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিংয়ের সুফল মেলেনি

জ্যেষ্ঠ প্রতিবেদক
৩১ জুলাই ২০২১, ০৪:৫৯ পিএম

Share 25




**দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিং করা হলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। তাই নদী ও খালসমূহের ড্রেজিংয়ের জন্য মাস্টার প্ল্যান তৈরি এবং বেসরকারি খাতকে সম্পৃক্ত করা প্রয়োজন।**

শনিবার (৩১ জুলাই) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে 'টেকসই নদী খনন : চ্যালেঞ্জ ও প্রতিকার' শীর্ষক ওয়েবিনারে বিশিষ্টজনদের বক্তব্যে এসব কথা উঠে আসে।

ওয়েবিনারে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন। এছাড়া জাতীয় সংসদের সদস্য ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

ওয়েবিনারে অর্থনীতিতে নদীপথের অবদান বাড়ানোর লক্ষ্যে নদীপথের অভিগম্যতা বৃদ্ধি ও টেকসই নদী খনন কার্যক্রম সম্প্রসারণ, জাতীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রিম কর হ্রাসকরণ, নদী খনন ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রম বাড়ানোর আহ্বান জানায় ডিসিসিআই।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, সারাদেশে নদীরগুলোর নব্য ফিরিয়ে আনতে সরকার নিরলসভাবে কাজ করছে এবং এ লক্ষ্যে নদী ব্যবস্থাপনার প্রতি বেশি জোর দেওয়া হচ্ছে। পাশাপাশি বর্তমান সরকার আরও ৩৫টি ড্রেজার সংগ্রহে কাজ করছে।

প্রতিমন্ত্রী বলেন, গত ১২ বছর ধরে সরকার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে যোগাযোগ স্থাপনে কাজ করে যাচ্ছে এবং আশা প্রকাশ করে, সামনের দিনগুলোয় এর ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হবে। সারাদেশে নদী খননে ড্রেজার ব্যবহার দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র আহ্বান প্রক্রিয়ায় অনেকাংশে স্বচ্ছতা আনা হয়েছে। ইতোমধ্যে মোংলা বন্দরের সক্ষমতা চট্টগ্রাম বন্দরের ন্যায় উন্নীত করা হয়েছে।

ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, নদীপথে সাশ্রয়ীমূল্যে পণ্য পরিবহনের সুবিধা থাকায় প্রাচীনকাল থেকেই বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় নদীপথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তবে ক্রমাগত পলি জমে নদীগুলোর গভীরতা হ্রাস পাওয়াসহ বেশকিছু কারণে নদীপথ সংকীর্ণ হওয়ার কারণে আমাদের অর্থনীতি সে সুবিধা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

তিনি বলেন, অতীতে বর্ষা মৌসুমে আমাদের নদীপথের দৈর্ঘ্য ২৪ হাজার বর্গমাইল হলেও, বর্তমানে তা ৬ হাজার বর্গমাইলে নেমে এসেছে। শুষ্ক মৌসুমে এটি ৩ হাজার ৬০০ বর্গমাইলে গিয়ে পৌঁছায়। সরকার দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিংয়ের মাধ্যমে ব্যবহার উপযোগী করার কার্যক্রম গ্রহণ করলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। দেশে একটি টেকসই নদী খনন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রিম কর হ্রাসকরণ এবং এ ধরনের উন্নয়ন কার্যক্রমকে সরকারের ফাস্ট-ট্র্যাকের আওতায় নিয়ে এসে প্রতিনিয়ত পর্যবেক্ষণ করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) বলেন, এ কাজে পরিবেশ সুরক্ষার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং ড্রেজিংয়ের সঙ্গে সম্পৃক্ত সরকারের সব সংস্থার মধ্যকার সমন্বয় বাড়ানো একান্ত আবশ্যক। ড্রেজিং মেশিনারিজ আমদানিতে সম্প্রতি সরকার বিভিন্ন শুল্ক আরোপ করে বেসরকারি খাতকে নিরুৎসাহিত করেছে। এগুলো হ্রাসকরণের বিষয়টি সংশ্লিষ্ট সংস্থাগুলো ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসবে, সেই সঙ্গে ড্রেজিং কাজের জন্য দরপত্র আহ্বানে ডিপিএম ব্যবস্থা ব্যবহারের ওপর জোর দিতে হবে।

সিনিয়র সচিব কবির বিন আনোয়ার বলেন, সারাদেশে নদী খনন কার্যক্রম পরিচালনার জন্য আমাদের ৫০০টি ড্রেজারের প্রয়োজন হলেও সর্বমোট রয়েছে ১৫৬টি, এমন বাস্তবতায় সরকারের পাশাপাশি দেশের বেসরকারি খাতকেও বিনিয়োগে এগিয়ে আসতে হবে। সারাদেশে ছোট-বড় মিলিয়ে অসংখ্য নদী রয়েছে এবং গ্রামীণ এলাকার নদীপথ, পুকুর ও হাওর-বাওর উন্নয়নে সরকার ইতোমধ্যে নানামুখী প্রকল্প গ্রহণ করেছে। ক্যাপিটাল ড্রেজিং কার্যক্রমে আরও বেশি সম্পৃক্ত হওয়ার জন্য বেসরকারি খাতের উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) চেয়ারম্যান কমোডোর গোলাম সাদেক, পিএসএ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেডের সহ-সভাপতি রবার্ট হেনেসি, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম এ জাব্বার ও ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের নির্বাহী পরিচালক আবু সালেহ খান অংশগ্রহণ করেন।

প্রতিদিনের সংবাদ
www.protidinersangbad.com
০১ আগস্ট, ২০২১

# অর্থনৈতিক উন্নয়নে নদী খনন জরুরি

● নিজস্ব প্রতিবেদক

অর্থনীতিতে নদীপথের অবদান বাড়ানোর লক্ষ্যে নদীপথের অভিগম্যতা বৃদ্ধি ও টেকসই নদী খনন কার্যক্রম সম্প্রসারণ, জাতীয় বাজেটে এখাতে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে শুল্ক, ভ্যাট ও অগ্রীম কর হ্রাসকরণ, নদী খনন ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমকে সরকারের ফাস্ট-ট্রাকের আওতায় অন্তর্ভুক্তিকরণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন এবং দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে আর্থিক প্রণোদনা ও নীতি সহায়তা বাড়ানোর দাবি জানিয়েছেন বক্তারা।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) গতকাল 'টেকসই নদী খনন : চ্যালেঞ্জ ও প্রতিকার' শীর্ষক ওয়েবিনারের আয়োজন করে। এতে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। জাতীয় সংসদের সদস্য ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি মো. শফিউল ইসলাম (মহিউদ্দিন) এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। প্রধান অতিথির বক্তব্যে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, সারা দেশে নদীরগুলোর নাব্য ফিরিয়ে আনতে সরকার নিরলসভাবে কাজ করছে এবং এলক্ষ্যে নদী ব্যবস্থাপনার প্রতি বেশি গুরুত্বারোপের পাশাপাশি বর্তমান সরকার আরো ৩৫টি ড্রেজার সংগ্রহে কাজ যাচ্ছে।

মন্ত্রী বলেন, বিগত ১২ বছর ধরে সরকার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে যোগাযোগ স্থাপনে কাজ করে যাচ্ছে এবং সামনের দিনগুলোতে এর ইতিবাচক প্রভাব পরীলক্ষিত হবে। তিনি বলেন, সারা দেশে নদী খননে ড্রেজার ব্যবহার দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র আহ্বান প্রক্রিয়ায় অনেকাংশে স্বচ্ছতা আনা হয়েছে। এরই মধ্যে মংলা বন্দরের সক্ষমতা চট্টগ্রাম বন্দরের মতো উন্নীত করা হয়েছে।

তিনি আরো বলেন, করোনা মহামারি সময়কালে বেসরকারি খাতে সহায়তার লক্ষ্যে বেশকিছু প্রণোদনা ঘোষণা করা হয়েছে এবং দেশের অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতকে এগিয়ে আসার আহ্বান জানান। মন্ত্রী আশা প্রকাশ করে বলেন, বিদ্যুৎ খাতের সাফল্যকে উদাহরণ হিসেবে বিবেচনায় নিয়ে, দেশের নদ-নদী খনন ও ব্যবস্থাপনা উন্নয়নে সরকার যুগোপযোগী ও কার্যকর উদ্যোগ গ্রহণ করছে।

বিশেষ অতিথির বক্তব্যে শফিউল ইসলাম (মহিউদ্দিন) এমপি বলেন, এ কাজে পরিবেশ সুরক্ষার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং ড্রেজিং সঙ্গে সম্পৃক্ত সরকারের সব সংস্থার মধ্যকার সমন্বয় বাড়ানো একান্ত আবশ্যক। তিনি বলেন, ড্রেজিং মেশিনারিজ আমদানিতে সম্প্রতি সরকার প্রবর্তিত বিভিন্ন শুল্ক আরোপ বেসরকারি খাতে নিরুৎসাহিত করেছে এবং এগুলো হ্রাসকরণের বিষয়টি সংশ্লিষ্ট সংস্থাগুলো ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসবে। সেই সঙ্গে ড্রেজিং কাজের জন্য দরপত্র আহ্বানে ডিপিএম ব্যবস্থা ব্যবহারের ওপর তিনি জোর দেন। এছাড়াও তিনি দেশীয় ও বিদেশি উদ্যোক্তাদের জন্য সমান সুযোগ তৈরির আহ্বান জানান।

ঢাকা চেম্বার আয়োজিত ওয়েবিনারে বক্তারা

DCCI

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

বিশেষ অতিথির বক্তব্যে কবির বিন আনোয়ার বলেন, যথাযথ নদী খনন কার্যক্রম বাস্তবায়নে মানবসম্পদ ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং সমন্বিত নীতিমালা আবশ্যক এবং এ লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। তিনি বলেন, সারা দেশে নদী খনন কার্যক্রম পরিচালনার জন্য আমাদের ৫০০টি ড্রেজারের প্রয়োজন হলেও সর্বমোট রয়েছে ১৫৬টি, এমন বাস্তবতায় সরকারের পাশাপাশি দেশের বেসরকারি খাতকে এখাতে বিনিয়োগে এগিয়ে আসতে হবে।

তিনি জানান, সারা দেশে ছোট-বড় মিলিয়ে অসংখ্য নদী রয়েছে এবং গ্রামীণ এলাকার নদীপথ, পুকুর ও হাওর-বাঁওড় উন্নয়নে সরকার এরই মধ্যে নানামুখী প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করেছে। বর্ষা মৌসুম ও বৃষ্টির পানি সংরক্ষণের লক্ষ্যে সারা দেশে ৬৯টি বড় পুকুর পুনঃখননে কাজ করা হচ্ছে।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, নদীপথে সাশ্রয়ীমূল্যে পণ্য পরিবহনের সুবিধা থাকায় সুপ্রাচীন কাল থেকেই বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় নদীপথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তবে ক্রমাগত পলিজমে নদীগুলোর গভীরতা হ্রাস পাওয়াসহ বেশকিছু কারণে নদীপথ সংকীর্ণ হওয়ার কারণে আমাদের অর্থনীতি সে সুবিধা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। এমন বাস্তবতায় দেশের আর্থসামাজিক উন্নয়নকে বেগবান করতে নদী পথে অভিগম্যতা বাড়তে টেকসই নদী খনন ও ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ বলে মত প্রকাশ করেন, ডিসিসিআই সভাপতি। তিনি জানান, অতীতে বর্ষা মৌসুমে আমাদের নদীপথের দৈর্ঘ্য ২৪ হাজার বর্গমাইল হলেও, বর্তমানে তা ৬ হাজার বর্গমাইলে নেমে এসেছে এবং শুকনো মৌসুমে এটি ৩ হাজার ৬০০ বর্গমাইলে গিয়ে পৌঁছায়। তিনি বলেন, সরকার দেশের অভ্যন্তরীণ নদীপথের প্রায় ১০ হাজার কিলোমিটার ক্যাপিটাল ড্রেজিংয়ের মাধ্যমে ব্যবহার উপযোগী করার কার্যক্রম গ্রহণ করলেও তা থেকে আশানুরূপ সুফল পাওয়া যায়নি। তিনি উল্লেখ করেন, নদী খনন প্রকল্পের কার্যক্রম শুরু করার ক্ষেত্রে যথাযথ পরিকল্পনা প্রণয়ন, নদীশাসন এবং নদী তীরবর্তী এলাকার ব্যবহার প্রভৃতি বিষয় খুবই গুরুত্বপূর্ণ। ডিসিসিআই সভাপতি বলেন, দেশে একটি টেকসই নদী খনন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বাজেটে এ খাতে বরাদ্দ বৃদ্ধি, ড্রেজিং কার্যক্রমে ব্যবহৃত ক্যাপিটাল মেশিনারি আমদানিতে আমদানি শুল্ক, ভ্যাট ও অগ্রীম কর হ্রাসকরণ এবং এ ধরনের উন্নয়ন কার্যক্রমকে সরকারের ফাস্ট-ট্রাকের আওতায় নিয়ে এসে প্রতিনিয়ত পর্যবেক্ষণ করার প্রস্তাব করেন। সেই সঙ্গে এখাতে বেসরকারি খাতের পাশাপাশি বিদেশি বিনিয়োগে বাড়াতে আর্থিক প্রণোদনা ও নীতি সহায়তা বাড়ানোর আহ্বান জানান ঢাকা চেম্বারের সভাপতি।

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত। তিনি জানান, ড্রেজিং প্রধানত মেইনটেন্যান্স ও ক্যাপিটাল দুই ধরনের হয়ে থাকে এবং এ ক্ষেত্রে নদীর চ্যানেল ব্যবস্থাপনা ও গভীরতা বৃদ্ধি, বন্দর উন্নয়ন, ভূমি ব্যবস্থাপনা ও ব্যবহার প্রভৃতি বিষয়গুলো অতীব জরুরি।

তিনি বলেন, টেকসই ড্রেজিংয়ের ক্ষেত্রে সবসময়ই অর্থনীতি, সমাজ ও পরিবেশকে প্রাধান্য দেওয়া হয় এবং এ বিষয়ে আমাদের আরো সচেতন হতে হবে। তিনি আরো বলেন, ড্রেজিংয়ের ক্ষেত্রে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভব হলে, আমদের অর্থনীতি আরো উপকৃত হবে। বাংলাদেশের নদী ও খালগুলোর ড্রেজিংয়ের জন্য একটি মাস্টারপ্ল্যান প্রণয়ন এবং এজন্য বেসরকারি খাতকে সম্পৃক্ত করা আবশ্যক বলে, তিনি মত প্রকাশ করেন। তিনি আরো বলেন, ড্রেজিং কার্যক্রম সফল করার লক্ষ্যে দক্ষ মানবসম্পদ, আধুনিক যন্ত্রপাতি ও সফটওয়্যার ব্যবহার এবং ড্রেজিংয়ের কারণে পরিবেশে কি ধরনের প্রভাব পড়বে তা নিরূপণ করার বিষয়ে আমাদের আরো মনোযোগী হতে হবে।